

২০১৬

বাংলা

(সাম্মানিক)

সপ্তম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রয়ান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নূতন পাঠক্রম)

বিভাগ—ক

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) 'সৌন্দর্যবোধ'-প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের নান্দনিক চেতনার পরিচয় কীভাবে প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো ।

(খ) 'রীতি' বলতে কি বোঝো ? কাব্য-বিচারে রীতির ভূমিকা কতখানি ? 'রীতি' ও 'স্টাইল' অভিন্ন কি-না বিচার করো ।

- (গ) সংস্কৃত সাহিত্যে কালিদাসের অবদান আলোচনা প্রসঙ্গে তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ন করো ।
- (ঘ) ইংরেজি সাহিত্যে কবি জন মিল্টন-এর কবিপ্রতিভার পরিচয় দাও । বাংলা সাহিত্যে তাঁর প্রভাব কতখানি তা সংক্ষেপে লেখো ।
- (ঙ) ইংরেজি-সাহিত্যের ঔপন্যাসিক স্কট-এর উপন্যাসগুলি উল্লেখ করে তার ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও ।
- (চ) আধুনিক সাহিত্য আন্দোলনে রিয়ালিজম্ ও সুররিয়ালিজম্ এর ভূমিকা কতখানি-সে বিষয়ে আলোচনা করো ।

বিভাগ—খ

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৮ × ৩

- (ক) ‘চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ’ — উক্তিটির উৎস ও তাৎপর্য বিশ্লেষণ করো ।
- (খ) ‘কাব্যং গ্রাহমলংকারাৎ’ — মতটির পক্ষে ও বিপক্ষের যুক্তিগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো ।
- (গ) ইংরেজি সাহিত্যে কবি পি. বি. শেলীর কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো ।

- (ঘ) 'রামায়ণের প্রক্ষিপ্ত অংশ'-বলতে কোন্ কোন্ অংশকে বোঝানো হয় এবং কেন সেগুলি প্রক্ষিপ্ত বলে বিবেচিত হয় বুঝিয়ে দাও ।
- (ঙ) শেক্সপীয়রের ট্রাজেডিগুলির প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করে যে কোনো একটি ট্রাজেডির মধ্যে সেগুলির প্রতিফলন কীভাবে ঘটেছে সংক্ষেপে লেখো ।
- (চ) সাহিত্য-আন্দোলন প্রসঙ্গে 'সোসালিস্ট রিয়ালিজম'-এর উদ্ভব ও মূলতত্ত্বটি সংক্ষেপে আলোচনা করো ।

বিভাগ—গ

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ২ × ৩

- (ক) 'প্রকাশই কবিত্ব' — উক্তিটি কার কোন রচনার অন্তর্গত এবং কত সালে প্রকাশিত ? $\frac{3}{2} + \frac{3}{2} + 1$
- (খ) 'ধ্বন্যালোক'-গ্রন্থের টীকা কে রচনা করেন ? তিনি কোন্ রাজ্যের পণ্ডিত ? টীকাটির নাম কি ? $1 + \frac{3}{2} + \frac{3}{2}$
- (গ) বাণভট্ট কোন সময়ের লেখক ? তাঁর রচিত বিখ্যাত দুটি গদ্যগ্রন্থের নাম লেখো । $1 + 1$
- (ঘ) স্রষ্টার নাম ও রচনাকাল লেখো : লিরিক্যাল ব্যালাডস্, এ মিড সামার নাইটস ড্রিম্, ডেভিড কপারফিল্ড, দ্য ওয়েস্ট ল্যান্ড । $\frac{3}{2} \times 8$

- ৩) 'সিমুলিজম'-এর উদ্ভব কোন্ দেশে? কবে? কিসের সাহিত্যে? এই ভঙ্গুর প্রয়োগ ঘটেছে এমন একটি লিঙ্গ নং : - :
 ৪) টীকা লেখো : বিভাব ।

বিভাগ—ঘ

- ৫) পূর্বস্থ লেখো (যে কোনো একটি) : ১০ × ১
- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিসর্গচিত্র
- (খ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যচন্দ্রের প্রভাব
- (গ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র
- (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প
- (ঙ) বাংলা সাহিত্যে রঙ্গ-রস
- (চ) সাম্প্রতিক কালের বাংলা কবিতায় বিষয় ও প্রকরণের অভিনবত্ব ।